
দৈনিক ইনকিলাব

তারিখ MAY 9 1999
পৃষ্ঠা ৩ কলাম ৪

489



*ইনকিলাব ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেটে রেজিস্টার্ড গ্র্যাজুয়েট প্রতিনিধি নির্বাচনে জাতীয়তাবাদী ঐক্য পরিষদের প্যানেল পরিচিতি গতকাল (শনিবার) জাতীয় প্রেস ক্লাবে অনুষ্ঠিত হয়*

### সিনেটে গ্র্যাজুয়েট প্রতিনিধি নির্বাচনে প্যানের পরিচিতি সভা

# ঢাঃ বিঃকে দলীয়করণ মুক্ত করে শিক্ষার পরিবেশ নিশ্চিত করার আহবান

**স্টাফ রিপোর্টার ঃ** ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটে রেজিস্টার্ড গ্র্যাজুয়েট প্রতিনিধি নির্বাচনে জাতীয়তাবাদী ঐক্য পরিষদের প্যানেল পরিচিতি সভায় বক্তাগণ ঢাকা বিশ্ববিদ্যালয়কে সন্ত্রাস, দলীয়করণ মুক্ত করে শিক্ষা ও গবেষণার উপযুক্ত পরিবেশ নিশ্চিত করতে জাতীয়তাবাদী প্যানেলকে বিজয়ী করার আহবান জানিয়েছেন। গতকাল (শনিবার) জাতীয় প্রেসক্লাবে এ প্যানেল পরিচিতি সভা অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনিয়র প্রফেসর ডঃ মাহমুদুল আমিনের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রার্থীদের পরিচয় করিয়ে দেন বিশ্ববিদ্যালয়ের সাবেক ভাইস চ্যান্সেলর প্রফেসর মনিরুজ্জামান মিয়া। প্রার্থীদের মধ্যে দৈনিক ইত্তেফাক ও নিউনেশন সম্পাদকমন্ডলীর সভাপতি ব্যারিস্টার মইনুল হোসেন ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের সাবেক প্রোভাইস চ্যান্সেলর প্রফেসর মাহবুব উল্লাহ বক্তব্য রাখেন। প্যানেলের বক্তব্য পাঠ করেন প্রার্থী, রোকেয়া হলের সাবেক ভিপি শিরিন সুলতানা। প্যানেলের প্রতি সমর্থন জ্ঞাপন করে বক্তব্য রাখেন ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর আফম ইউসুফ হায়দার, সাধারণ সম্পাদক প্রফেসর ফেরদৌস হোসেন, ডক্টরস এসোসিয়েশনের সাধারণ সম্পাদক ডাঃ জাহিদ হোসেন, সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশনের সাধারণ সম্পাদক এডভোকেট সাইদুর রহমান, জাতীয় প্রেসক্লাবের সাবেক সভাপতি রিয়াজউদ্দিন আহমদ, বিএফইউজে সভাপতি আমানউল্লাহ কবির প্রমুখ। বক্তাগণ উচ্চ শিক্ষার প্রাণকেন্দ্র ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণার মান উন্নয়নসহ অনিয়ম দলীয়করণ মুক্ত শিক্ষা পরিবেশ প্রতিষ্ঠায় জাতীয়তাবাদী প্যানেলকে আসন্ন সিনেট নির্বাচনে বিজয়ী করার জন্য রেজিস্টার্ড গ্র্যাজুয়েটদের প্রতি আহবান জানান।

জাতীয়তাবাদী ঐক্য পরিষদের প্রার্থীরা হলেন– ইত্তেফাক সম্পাদকমন্ডলীর সভাপতি ব্যারিষ্টার মইনুল হোসেন, সুপ্রীম কোর্টের আইনজীবী এডভোকেট তৈমুর আলম খন্দকার, প্রখ্যাত সাংবাদিক গিয়াস কামাল চৌধুরী, ঢাকা মেডিকেল কলেজের সাবেক প্রিন্সিপাল প্রফেসর ডাঃ আবদুল হাদী, এগ্রিকালচারিস্ট এসোসিয়েশনের সভাপতি ডঃ নূরুল ইসলাম, মোহাম্মদপুর কেন্দ্রীয় কলেজের প্রিন্সিপ্যাল প্রফেসর এম শরীফুল ইসলাম, হলি চাইল্ড স্কুল ও কলেজের প্রিন্সিপাল আশরাফুল হক, প্রখ্যাত ব্যাংকার মুজিবুল হায়দার চৌধুরী, বিশিষ্ট ব্যবসায়ী এ কে এম রফিকুন্নবী, ইসলামী ব্যাংক অফিসার সমিতির সাধারণ সম্পাদক আশেক আহমদ জেবাল, জাতীয় বিশ্ববিদ্যালয়ের সাবেক প্রো-ভিসি ডঃ মাহবুব উল্লাহ, বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের সভাপতি প্রফেসর জসিম উদ্দীন আহমদ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ফাইন্যান্স বিভাগের চেয়ারম্যান ডঃ মোহাম্মদ লোকমান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফার্মেসী বিভাগের সাবেক চেয়ারম্যান প্রফেসর চৌধুরী মাহমুদ হাসান, ঢাকা ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রাণরসায়ন বিভাগের প্রাক্তন চেয়ারম্যান, ঢাকা বিশ্ববিদ্যালয় গণতান্ত্রিক শিক্ষক পরিষদের আহবায়ক প্রফেসর ডঃ মোঃ খলিলুর রহমান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাণরসায়ন বিভাগের প্রফেসর ডঃ আবুল বাশার, ঢাকা বিশ্ববিদ্যালয়ের মৃত্তিকা বিজ্ঞান বিভাগের প্রফেসর ডঃ আমিনুর রহমান মজুমদার, সমাজ বিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ডঃ নূরুল ইসলাম, সমাজ বিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক মাসুদা এম রশিদ চৌধুরী, বিএমএ'র সাবেক ট্রেজারার ডাঃ ফখরুল ইসলাম চৌধুরী, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউটের সহকারী অধ্যাপক ডাঃ নূর আলম কামরুল আহসান, তেজগাঁও কলেজের সমাজ বিজ্ঞান বিভাগের প্রধান মোঃ আবুল কাশেম, আবুজর গিফারী কলেজের বাংলা বিভাগের অধ্যাপক এ বি এম ফজলুল করিম, রোকেয়া হলের সাবেক ভিপি শিরীন সুলতানা ও আকবর আলী শিরাজী।

#### গণতান্ত্রিক ঐক্য পরিষদ

ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেট নির্বাচনে গণতান্ত্রিক ঐক্য পরিষদের প্রার্থীদের পরিচিতি সভা আগামীকাল (সোমবার) বিকেল ৪টায় ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হবে।